

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ৪৮৬


তারিখঃ ৩১/১০/১৯শ্বিঃ

বিষয়ঃ বেতন-ভাতা ও প্রশাসনিক ব্যয় নির্বাহ সংক্রান্ত।

সূত্রঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮.২৯০, তারিখঃ ০৪/১১/১৮শ্বিঃ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির মাঠ পর্যায়ে আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য ঋণ তহবিল হিসাব ও বেতন-ভাতা হিসাব নামে দুটি ব্যাংক হিসাব রয়েছে। সূত্রস্থ পত্রমূলে বেতন-ভাতা ও প্রশাসনিক ব্যয় তথা পরিচালন ব্যয় (৮% এর মধ্যে ৬.৫%) খাতের অর্জিত আয়ের অংশ ঋণ তহবিল হিসাব থেকে বেতন-ভাতা হিসাবে স্থানান্তর করে ব্যয় নির্বাহ করার নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন উপজেলায় বেতন-ভাতা হিসাবে কর্মচারীদের বেতন-ভাতা ও অন্যান্য ব্যয় নির্বাহের জন্য অর্জিত অর্থের নির্ধারিত অংশ স্থানান্তর না করে ঋণ তহবিল সংক্রান্ত হিসাব হতে সরাসরি ব্যয় নির্বাহ করা হচ্ছে। এতে করে আয়ন-ব্যয়ন কর্মকর্তা কর্তৃক সহজে অর্জিত আয়ের হিসাব যথাযথভাবে না বুঝার ফলে নিজের অজান্তে তহবিল অবক্ষয়ের সম্ভাবনা থাকে।

এমতাবস্থায় বেতন-ভাতা ও প্রশাসনিক ব্যয় (৬.৫%) খাতে অর্জিত আয়ের অংশ আবশ্যিকভাবে বেতনভাতা হিসাবে স্থানান্তরপূর্বক ব্যয় নির্বাহ করতে হবে। কোন অবস্থাতেই ঋণ তহবিল হিসাব হতে সরাসরি বেতন-ভাতা ও প্রশাসনিক ব্যয় নির্বাহ করা যাবে না। উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে ঋণ তহবিল হিসাব থেকে বেতন-ভাতা ও প্রশাসনিক ব্যয় নির্বাহ করা হলে এবং তহবিল তহরুপের কোন ঘটনা উৎঘাটিত হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি..... (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-

তারিখঃ ৩১/১০/১৯শ্বিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. উপপরিচালক, বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. পরিচালক(সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো) বিআরডিবি (কর্মসূচিভূক্ত সকল উপজেলা)
৬. অফিস নথি/ গার্ড ফাইল।

আল-আমিন  
সহকারী পরিচালক (ইরেসপো)